

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.১৭৮.২২.৪৮৬


তারিখ: ১২/০৫/২০২২ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সুফলভোগী সদস্যদের ৩ দিন মেয়াদী আইজিএ প্রশিক্ষণের সংস্থান রয়েছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের জন্য নির্ধারিত যাতায়াত ভাতা ও দিন প্রতি সম্মানী ভাতার অর্থ নগদে প্রদান না করে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীদের ব্যাংক হিসাবে ব্যাংক গ্র্যাডভাইস/ক্রস চেকের মাধ্যমে প্রদান নিশ্চিত করতে হবে।

২। উল্লেখ্য, প্রশিক্ষণার্থীদের জন্য নির্ধারিত যাতায়াত ভাতা ও সম্মানী ভাতার অর্থ IRESPPW 2<sup>nd</sup> Phase হিসাব হতে IRESPPW Loan Account হিসাবে স্থানান্তরপূর্বক প্রশিক্ষণার্থীদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে ব্যাংক গ্র্যাডভাইসের মাধ্যমে প্রদান করতে হবে। তবে, এক্ষেত্রে যে সকল উপজেলার IRESPPW Loan Account সোনালী ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয় তাদের ক্ষেত্রে সরাসরি IRESPPW 2<sup>nd</sup> Phase হতে ব্যাংক গ্র্যাডভাইসের মাধ্যমে প্রদান করতে হবে। পূর্বের ন্যায় মান্টাররোল করে যাতায়াত ভাতা ও সম্মানী ভাতা পরিশোধের ভাউচার হিসেবে সংরক্ষণ করতে হবে।

৩। আরও উল্লেখ্য, যে সকল উপজেলায় ব্যাংক হিসাবের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের যাতায়াত ভাতা ও সম্মানী ভাতা পরিশোধে জটিলতা তৈরি হবে, তাদের ক্ষেত্রে ৩০ জুন ২০২২ খ্রি: পর্যন্ত উপরোক্ত প্রক্রিয়া শিথিল থাকবে। তবে আগামী ১ জুলাই ২০২২ খ্রি: হতে আবশ্যিকভাবে সকল উপজেলায় ব্যাংক হিসাবের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের যাতায়াত ভাতা ও সম্মানী ভাতা পরিশোধ করতে হবে।


  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোনঃ ০২-৮১৮০১৪৪

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.১৭৮.২২.৪৮৬

তারিখ: ১২/০৫/২০২২ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ..... (প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবির ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: ..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলা: ..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৭. অফিস নথি/গার্ডফাইল।

  
মুহাম্মদ মাহবুব আলম  
উপপ্রকল্প পরিচালক